

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
ভৌত অবকাঠামো বিভাগ  
সড়ক পরিবহন উইং  
প্রজ্ঞাপন

তারিখ, ০৪ জ্যৈষ্ঠ ১৪২১/১৮ মে ২০১৪

নং ২০.১২৩.০১৪.০০.০০.১১৫.২০১১ (অংশ-১)-৬৮৪—যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)-এর কাজের মধ্যে দ্বৈততা পরিহারপূর্বক দেশে সূচ্যু সড়ক নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে সরকার কর্তৃক অনুমোদিত শ্রেণীবিন্যাস ও নীতিমালা অনুযায়ী সওজ এবং এলজিইডি'র সড়কসমূহের তালিকা ১১-০২-২০০৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। সরকার বর্ণিত সংজ্ঞা ও শ্রেণীবিন্যাস অনুযায়ী সওজ অধিদপ্তর এবং এলজিইডি'র মধ্যে সড়কসমূহের যে বিভাজন করা হয়েছে তা বাস্তবায়নকালে কোনরূপ Adjustment, মতপার্থক্য নিষ্পত্তি, শ্রেণীবিন্যাস, মালিকানা ও দায়দায়িত্ব নির্ধারণ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির ১২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিতভাবে ২টি সড়কের মালিকানা জনস্বার্থে পুনঃনির্ধারণ করা হলো :

ক্রমিক নং	সড়কের নাম	বিদ্যমান মালিকানা	হস্তান্তরিত মালিকানা	মন্তব্য
১	২	৩	৪	৫
(১)	আব্দুল আজিজ বি.এ সড়কের চেইনেজ ০+০০০ হতে ১+৮০০ পর্যন্ত (আইডি নং-৪৩০৫১৪০১৮)	এলজিইডি	সড়ক ও জনপথ অধিদপ্তর	সড়ক ও জনপথ অধিদপ্তরের জেলা সড়কের তালিকায় সড়কটি অন্তর্ভুক্ত হবে।

(১৪৭১৩)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
(২)	রাজাশপুর বাজার-সালধার ইউপি বাজার-চারিগ্রাম সমিতি- সাতকুচিয়া-কালাপুল-চাদগাজী বাজার-নারানিয়া-বক্স মোহাম্মদ বাজার সড়কের চেইনেজ ৯+৬০০ হতে ১১+৮০০ পর্যন্ত (আইডি নং-৪৩০৫১৩০০১)	এলজিইডি	সড়ক ও জনপথ অধিদপ্তর	সড়ক ও জনপথ অধিদপ্তরের জেলা সড়কের তালিকায় সড়কটি অন্তর্ভুক্ত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রেজা রশীদ  
সহকারী প্রধান।